

🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২: ৪৭

আরবি মূল আয়াত:

وَ إِنَّ لِلَّذِينَ ظَلَمُوا عَذَابًا دُونَ ذَلِكَ وَ لَكِنَّ أَكْثَرَهُم لَا يَعلَمُونَ ﴿٢٧﴾

আর নিশ্চয় যারা যুলম করবে তাদের জন্য থাকবে এছাড়া আরো আযাব; কিন্তু তাদের বেশীরভাগই জানে না। — আল-বায়ান

যালিমদের জন্য এছাড়া আরো 'আযাব রয়েছে, কিন্তু তাদের অধিকাংশই জানে না। — তাইসিরুল

এ ছাডাও আরও শাস্তি রয়েছে যালিমদের জন্য। কিন্তু তাদের অধিকাংশই তা জানেনা। — মজিবর রহমান

And indeed, for those who have wronged is a punishment before that, but most of them do not know. — Sahih International

৪৭. আর নিশ্চয় যারা যুলুম করেছে তাদের জন্য রয়েছে এছাড়া আরো শাস্তি। কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।

তাফসীরে জাকারিয়া

- (৪৭) অবশ্যই এ ছাড়া আরো শাস্তি রয়েছে সীমালংঘনকারীদের জন্য।[1] কিন্তু তাদের অধিকাংশই তা জানে না।[2]
 - [1] অর্থাৎ, পৃথিবীতে। যেমন অন্যত্র বলেছেন, ﴿وَلَنُذِيقَنَّهُمْ مِنَ الْعَذَابِ الْأَدْنَى دُونَ الْعَذَابِ الْأَكْبَرِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ (সূরা সাজদাহ ২১নং আয়াত)
 - [2] এ কথা জানে না যে, পৃথিবীর এই শাস্তি ও বিপদাপদ কেবল এই জন্য যে, যাতে করে মানুষ আল্লাহর দিকে ফিরে আসে। কিন্তু এই রহস্য বুঝতে না পারার কারণে তারা পাপসমূহ থেকে তাওবা করে না। বরং কখনো কখনো পূর্বের চাইতে আরো বেশী পাপে লিপ্ত হয়ে পড়ে।

তাফসীরে আহসানল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন